

## রাজশাহী মহানগরীর ছয় প্রধান শিক্ষক সন্ত্রস্ত ॥ অবৈধ ভর্তির চাপ

স্টাফ রিপোর্টার, রাজশাহী ৷ মহানগরীর ছয়টি সরকারী স্কুলের প্রধান শিক্ষক এখন সন্ত্রস্ত হয়ে পড়েছেন। অবৈধভাবে ছাত্র-ছাত্রী ভর্তি না করার বিএনপি ও অঙ্গ সংগঠনের কতিপয় নেতাকর্মী এবং সহস্রীদের উপর্যুপরি হুমকিতে নিরাপত্তাহীন প্রধান শিক্ষকগণ নিজ নিজ কার্যালয়ে বসতে পারছেন না। তাঁরা চালাতে পারছেন না বাস্তবিক কার্যক্রম। উন্নত পরিস্থিতিতে একটি স্কুলের প্রধান শিক্ষক তাঁর এবং একমাত্র মেয়ের জীবনের নিরাপত্তা চেয়ে নিকটবর্তী থানায় আবেদন করেছেন। ওই আবেদনের অনুলিপি দিয়েছেন উপ-পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী মেট্রোপলিটন পুলিশের (আরএমপি) কমিশনার, জেলা প্রশাসক, সহকারী জেলা প্রশাসক (শিক্ষা ও উন্নয়ন) ও জাতীয় গোয়েন্দা সংস্থার (এনএসআই) স্থানীয় প্রধানকে। তবুও হুমকি প্রদান বন্ধ হয়নি।

ছানা গোছে, রাজশাহী মহানগরীর ৬টি সরকারী স্কুল শিরোইল হাই স্কুল, পিএন বালিকা বিদ্যালয়, কলিকিয়েট স্কুল, হেলেনাবাদ গার্লস স্কুল, গভঃ ল্যাবরেটরী স্কুল ও সরকারী হাই মডার্ন বিজ্ঞান শ্রেণীতে ভর্তির কার্যক্রম সম্পন্ন করা হয় বিগত জানুয়ারি মাসে। এর পর পরই ক্লাস শুরু ও উদ্বোধন নেয়া হয়। ঠিক সেই সময়ে সরকারী দল বিএনপি ও অঙ্গসংগঠনের কতিপয় নেতাকর্মী এবং কিছু চিহ্নিত সহস্রাঙ্গী পর্যায়ক্রমে সকল স্কুলেই অবৈধভাবে ছাত্র-ছাত্রী ভর্তির ভবির শুরু করে। কিন্তু প্রধান শিক্ষকগণ তাঁদের তথ্যই সম্মত না হওয়ায় তারা প্রধান শিক্ষকদের হুমকি দিতে শুরু করে। সংশ্লিষ্ট স্কুলের প্রধান শিক্ষকগণ প্রথম দিকে এসব উপেক্ষা করে স্কুল পরিচালনা করে আসছিলেন। সম্প্রতি সহস্রাঙ্গী এবং কিছু বিএনপি নেতাকর্মী স্থানীয় বিএনপির এক কেন্দ্রীয় নেতার নাম করে প্রতিটি স্কুলের প্রধান শিক্ষককে ছাত্রছাত্রী ভর্তির চাপ সৃষ্টি করে। অন্যথায় তাদের পরিবারের সদস্যসহ অপহরণ করে হত্যা করা হবে বলে হুমকি দয়। এতে প্রধান শিক্ষকগণ ভীতসন্ত্রস্ত হয়ে পড়েন। বিষয়টি মৌখিকভাবে প্রশাসনের কর্মকর্তাদের জানালেও কাজ হয়নি। বরং হুমকির মাত্রা আরও বাড়তে থাকে। গত ৩ মার্চ শিরোইল স্কুলের প্রধান শিক্ষক তাঁকে এবং তাঁর একমাত্র মেয়েকে অপহরণ করে ওমের হুমকি প্রদানের অভিযোগে আরএমপির বোয়ালিয়া থানায় আবেদন করেন। ওই আবেদনের কপি প্রদান করেন প্রশাসনের সর্বস্তরে।